গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জামালপুর সদর, জামালপুর।
jamalpursadar.jamalpur.gov.bd

## সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জিন্নাত শহীদ পিংকি, উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০২৪খ্রি.
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরুপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভাপতি উপস্থিত স্ব স্ব সংস্থার প্রতিনিধিগণকে উল্লেখযোগ্য প্রকল্পের কার্যক্রম অগ্রগতি এবং অন্যান্য বিষয়াদির উপর সুচিন্তিত মতামত প্রদানের জন্য আহবান করেন। পরবর্তীতে সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০১। ব্র্যাক:**<br>জনাব আহমেদ ওমর ফারুক, জেলা সমন্বয়ক, ব্র্যাক, জামালপুর জানান যে, জামালপুর সদর উপজেলায় ব্র্যাকের স্কিল ডেভেলপম্যান্ট প্রোগ্রামের আওতায় সেপ্টেম্বর/ ২০২৪ ইং মাসে জামালপুর জেলায় সদর উপজেলায় শিক্ষার্থীদের মাঝে কারিগরি বিভিন্ন প্রশিক্ষন প্রদান করে ৮৩ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বিভিন্ন ট্রেডের উপর যেমন টেইলারিং, প্রিন্টিং এবং ডায়িং, টেইলরিং এবং হ্যান্ড এমব্রয়ডারি এর উপর এবং চাকুরির ব্যবস্থা চলমান রয়েছে।<br>• ব্র্যাকের স্কিল ডেভেলপম্যান্ট প্রোগ্রামের আওতায় সেপ্টেম্বর/২০২৪ ইং মাসে জামালপুর জেলায় সদর উপজেলায় শিক্ষার্থীদের মাঝে কারিগরি বিভিন্ন প্রশিক্ষন প্রদান করে ১২৭ জন কে প্রশিক্ষন প্রদান করা হয়েছে বিভিন্ন ট্রেডের উপর যেমন টেইলারিং, প্রিন্টিং এবং ডায়িং, টেইলরিং এবং হ্যান্ড এমব্রয়ডারি এর উপর এবং চাকুরির ব্যবস্থা চলমান রয়েছে।<br>• ব্র্যাকের শিক্ষা প্রোগ্রামের আওতায় সেপ্টেম্বর/ ২০২৪ইং মাসে জামালপুর সদর উপজেলায় শিক্ষক রিফ্রেসার-৩৫জন, অভিভাবক সভা ৪০টি, পাড়া কমিটির সদস্যদের নিয়ে সভা ১০টি।<br>• ব্র্যাক সেল্ফ কর্মসূচীর আওতায় সেপ্টেম্বর/ ২০২৪ইং মাসে নিম্নলিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয় তা হলো স্বপ্ন সারথী সেশন-১০টি, অভিভাবক সভা ১টি, সজাক দলের সভা-৫, উপজেলা বাল্য বিবাহ নিরোধ কমিটি সভা-১, ইউনিয়ন পরিষদের সাথে বাল্য বিবাহ নিরোধ কমিটির সভা-১, অভিযোগ গ্রহন ১০ জনের, বিকল্প বিরোধ নিষ্পত্তি-৫টি, ক্লায়েন্টের দেনমোহর ও ভরনপোষন বাবদ টাকা আদায় ৬০,০০০/-।<br>• ব্র্যাকের আলট্র পুওর গ্র্যাজুয়েশন প্রোগ্রামের আওতায় সেপ্টেম্বর/ ২০২৪ইং মাসে জামালপুর সদর করা হয়েছে-গরু-৩০টি, ছাগল-২২টি, জমি লিজ নিয়ে দেওয়া হয়েছে ১বছরের জন্য ১২টি পরি ক্ষেত্রে সহযোগিতা করা হয়েছে ১০জনকে।<br>• ব্র্যাক হেলথ কমসূচীর আওতায় সেপ্টেম্বর/২০২৪ইং মাসে খানা ভিজিট হয়েছে ১,৪৩০টি, নারী কাউন্সিলিং করা হয়েছে ৭৮০জন, কিশোরী কাউন্সিলিং ২১০জন, শিশুর মায়েদের পরামর্শ ৫৫জন এবং এনসিডি সেবা দেওয়া হয়েছে ১৮৫জন, এএনসি সেবা প্রদান করা হয়েছে ৩১০জন, পিএনসি সেবা দেওয়া হয়েছে ২৫জন কে।<br>• ব্র্যাকের ঋণ প্রোগ্রাম প্রগতির আওতায় সেপ্টেম্বর/ ২০২৪ইং মাসে জামালপুরে লোন বিতরন হয়েছে ৬০৭ জনের মধ্যে এবং লোনের পরিমান ১২,৪৪,০০,০০০/-।<br>• ব্র্যাকের ঋণ প্রোগ্রাম দাবীর আওতায় সেপ্টেম্বর/ ২০২৪ইং মাসে জামালপুরে লোন বিতরন হয়েছে ৪,৩০৫ জনের মধ্যে এবং লোনের পরিমান ২৭৬,৭৭৯,০০০/-। | সকল প্রকল্পের সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | জেলা সমন্বয়ক, ব্র্যাক, জামালপুর |

CamScanner
CamScanner

| | | |
|---|---|---|
| **০২। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ (জিইএসএমআইএন প্রজেক্ট ):**<br>সেপ্টেম্বর/ ২৪ মাসে জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় জামালপুর ও ইসলামপুর এরিয়া প্রোগ্রাম এবং জেসমিন প্রকল্পের কার্যক্রম যথাযথ ভাবে চলছে। স্থানীয় প্রতিষ্ঠান উন্নয়ন সংঘ (US) ও পারি (PARI) সংস্থার মাধ্যমে অধিকাংশ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। নিম্নে কার্যক্রম সমূহ উল্লেখ করা হলো; চাইল্ড স্পন্সরশিপ কার্যক্রমের সমন্বয় সাধনের জন্য এডিসি জেনারেল স্যারের মাধ্যমে জামালপুর জেলায় চাইল্ড স্পন্সরশিপ নিয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানের সম্পর্কে জানতে চাওয়া হয় ।এক্ষেত্রে উপস্থিতি সকলে নিশ্চিত করেন যে জামালপুর জেলায় চাইল্ড স্পন্সরশিপ নিয়ে কোনো প্রতিষ্ঠান কাজ করে না । জামালপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা উপস্থিতিতে ৫০ স্থানীয় জাতীয় আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের সমন্বয় বাল্যবিবাহ প্রতিরোধে একটি সমন্বয় কমিটি গঠন করা হয় । উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সমন্বয়ে বিশ্ব যুব দিবস উদযাপন করা হয় । ০-৫৯ মাস বয়সী ৭১৭২ শিশুর জন্য ২৮১ টি মাসিক গ্রোথ মনিটরিং অ্যান্ড প্রমোশন (GMP) সেশনের আয়োজন । ন্যায্য, অহিংস পিতৃত্ব এবং যত্নশীল অনুশীলন সম্পর্কে ৩৩০ জন পুরুষকে শিক্ষিত করার জন্য মেনকেয়ার ৩৩টি সেশন পরিচালনা, ১০২ জন গর্ভবতী মহিলা এবং ০-১৮ বছর বয়সী শিশুদের মা/পরিচর্যাকারীদের সাথে ১১ স্ট্যান্ডার্ড নিরাপদ মাতৃত্ব বিষয়ক সভা পরিচালনা, ০৬ শিশুর জন্য চিকিৎসা খরচ প্রদান, ৪৩১ (PLW) মায়েদের পরিদর্শন এবং প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পরামর্শ প্রদান, প্রজনন বয়সের (১৫-৪৯ বছর) ৫৮২ জন মহিলার জন্য ৩৩ টি স্বাস্থ্য ও পুষ্টি শিক্ষা সেশন, ২০০০ জন কিশোর-কিশোরীর জন্য ব্যক্তিগত স্বাস্থ্য পরিচ্ছন্নতা অনুশীলনের বিষয়ে সচেতনতা সেশন দুইটি করে স্যানিটেশন প্যাড কি তুলনা করা হয়, নিয়মিত আইএফএ খাওয়া ৪৬৩ কিশোরী মেয়ের মধ্যে অপুষ্টিতে আক্রান্ত ৩৮৫টি ফলোআপ হোম ভিজিট পরিচালনা, উপযুক্ত (IYCF)এ ৪৬৩ জন মা/পরিচর্যাকারী দলের জন্য ৩৩টি সচেতনতা সেশন পরিচালনা, ANC কভারেজ -১৩২, PNC কভারেজ-২১২, ডেলিভারিতে সহায়তা মোট- ৮১ (প্রাতিষ্ঠানিক ডেলিভারি - ৬২ , SBA ১৩, অদক্ষত - ৬ ), নতুন PW নিবন্ধিত - ১০৩, ৪০ টি সশ্রেণী Value Chain পরিষেবা প্রদানকারী (MFI/FI) এবং UPG অংশগ্রহণকারীদের সাথে ০২ লিংকেজ বিল্ডিং মিটিং, অগ্রগতি পরিমাপ করতে এবং তাদের ক্ষমতা জোরদার করতে ১১টি উৎপাদন দল সাথে মাসিক সভা পরিচালনা, নিয়মিত সঞ্চয় করার গুরুত্ব সম্পর্কে ৯ উৎপাদন দল সদস্যদের জন্য সচেতনতা সেশন, স্বতন্ত্র সঞ্চয় এবং ঋণ ব্যবস্থাপনায় ৪ উৎপাদন দল সদস্যদের জন্য দক্ষতা বৃদ্ধি, ৮৬ জন দম্পতিকে ন্যায়সঙ্গত এবং অহিংস পারিবারিক সম্পর্কের বিষয়ে শিক্ষিত করার জন্য মেনকেয়ার গ্রুপের জন্য ০৭ সেশন পরিচালনা, গ্র্যাজুয়েশন গ্রুপ ১৬০ সদস্যের জন্য ২৭ টি আত্মবিশ্বাস/সচেতনতা তৈরির সেশনের আয়োজন, গ্রাম উন্নয়ন কমিটির নেতৃত্বে ৫৮১৯ টি পরিবার সহায়তা মূলক পরিদর্শন, জেলা পর্যায়ের ৩ টি যুব ফোরাম ও গ্রাম পর্যায়ের ৩৪টি শিশু ফোরামের সাথে মাসিক মিটিং, ৩০টি গ্রাম উন্নয়ন কমিটির ৪৫১ টি অংশীদারদের সাথে মাসিক সমন্বয় সভা ও পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি আলোচনা করা। ১৭ টি ঝুঁকি মূল্যায়ন পরিচালনা এবং ঝুঁকি হ্রাস পরিকল্পনা তৈরি, ৫৮২ জন শিশুর জন্য জীবন দক্ষতা ভিত্তিক শিক্ষা সেশনের ব্যবস্থা, ৪২ লিঙ্গ সমতা এবং প্রতিবন্ধী ও সামাজিক অন্তর্ভুক্তি (GEDSI) গ্রীন স্কুল কমিটি গঠন, ৩০০ ইম্প্যাক্ট+ ক্লাব শিশুদের জীবন দক্ষতা সেশন পরিচালিত হয় । এছাড়া জেসমিন প্রকল্পের দ্বারা উৎপাদক দলের মাসিক সভাঃ ৪২৫ টি উৎপাদক দলের ৮৯৬২ জন সদস্য মাসিক সভা করা হয়। ২৩০ জন উৎপাদক দলের নেতৃবৃন্দের জন্য ১০টি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। কমিউনিটি ভিত্তিক সংগঠন (সিবিও) গঠনের পদক্ষেপ আলোচনার জন্য জেলা ও উপজেলার কর্মকর্তাদের সাথে ১টি কর্মশালা করা হয়। ৩০০ জন কিশোরী সমন্বয়ে ১০টি কিশোরী ক্লাব গঠন করা হয়। | সকল প্রকল্পের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | এরিয়া প্রোগ্রাম ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ |
| **০৩। মেরি ক্লিনিক :**<br>জনাব মো: সিদ্দিকুর রহমান, ম্যানেজার, মেরি ক্লিনিক, জামালপুর সভায় জানান যে, নজরুল স্মৃতি সংসদ কর্তৃক পরিচালিত সেপ্টম্বর/২০২৪ পরিবার পরিকল্পনা সেবাসমূহ, ইনজেকশন-২১টি,কনডম-১, আইইউডি-২টি , ইসিপি-৫টি, পরিবার পরিকল্পনা কাউন্সিলিং-৪১টি, টিকাদান কর্মসূচিতে শিশু-১৪টি , মহিলা টিটি-৫টি , গর্ভবতী মায়ের সেবা- গর্ভবতী চেকআপ-৫টি,গর্ভবতী চেকআপ(২)-০৫টি গর্ভবতী চেকআপ(৩+৪)-০১ , প্রসবোত্তর মায়ের সেবা ও প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ে মায়েদের কাউন্সিলিং-১০টি, পুষ্টি ও ভিটামিন 'এ' বিষয়ে কাউন্সিলিং প্রাপ্ত মায়ের সংখ্যা-০৯, প্রজননতন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত রোগের সেবা ও কাউন্সিলিং-০৪টি, প্রজনন স্বাস্থ্যসেবা ও কাউন্সিলিং-৩৭টি, মাসিক নিয়মিতকরণ সেবা ও পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা-২১টি, মহিলাদের সাধারণ স্বাস্থ্যসেবা-৫টি, কিশোরীদের বয়:সন্ধিকালীন স্বাস্থ্যসেবা বাল্যবিবাহ ও কিশোরী মাতৃত্বের কুফল এবং অন্যান্য বিষয়ে | সকল প্রকল্পের সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ম্যানেজার মেরি ক্লিনিক জামালপুর। |

CS CamScanner
CS CamScanner

| | | |
|---|---|---|
| কাউন্সিলিং-১৫টি মোট স্বাস্থ্যসেবা গ্রহণকারীর সংখ্যা-১২২ ও অন্যান্য কাউন্সিলিংসহ সর্বমোট ২৯৫ জনকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |

| | | |
|---|---|---|
| **০৪। অপরাজেয় বাংলাদেশ :**<br>জনাব মো: আশরাফুল ইসলাম, কেন্দ্র ব্যবস্থাপক, অপরাজেয় বাংলাদেশ সভায় জানান যে, অপরাজেয় বাংলাদেশ জাতীয় পর্যায়ের নারী ও শিশু অধিকার বাস্তবায়নে জামালপুরসহ সারা বাংলাদেশ দীর্ঘ ত্রিশ বছর যাবত কাজ করে চলছে। জামালপুরে মূলত: যৌনকর্মী মায়েদের সন্তানদের সমাজে সম্মানের সাথে মাথা উচু করে বাঁচার স্বপ্ন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিদেশী দাতা সংস্থা তাদের আর্থিক সংকটের কারণে অর্থ বরাদ্দ বন্ধ করে দিলে জামালপুরে কিছু মহৎ প্রাণ ব্যক্তির সহযোগিতায় প্রতিষ্ঠানটির কাযক্রম কোন রকমে চলমান আছে। তাছাড়া আবাসিক ও অনাবাসিকসহ সর্বমোট ৭৫ জন ছেলে-মেয়ে রয়েছে। জনাব ফারুক আহম্মেদ চৌধুরী, সাবেক চেয়ারম্যান, জেলা পরিষদ, জামালপুর সকল ছেলেমেয়েদের রাজা ট্রেইলার্স হতে পোষাক সরবরাহ করেছেন। সংস্থার সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সংস্থার স্ব- স্ব প্রকল্প কাজ চালিয়ে যেতে হবে। | ম্যানেজার, অপরাজেয় বাংলাদেশ। |
| **০৫। টিআইবি:**<br>জনাব মো: আরিফ হোসেন, এরিয়া কো-অর্ডিনেটর, সিভিক এনগেইজমেন্ট, সচেতন নাগরিক কমিটি সনাক, জামালপুর, ট্রান্সপারেন্সী ইন্টারন্যাশনাল বাংলাদেশ সভায় জানান যে, সংস্থা কর্তৃক টেকসই উন্নয়ন অভীষ্ট(এসডিজি) অর্জনের জন্য দুর্নীতি হ্রাস এবং সেবা প্রদান কার্যক্রমে শুদ্ধাচার বৃদ্ধি। আইনী, নীতিগত এবং প্রাতিষ্ঠানিক সংস্কারের মাধ্যমে সুশাসনের সক্ষমতা ও চর্চার উন্নয়ন ঘটানো। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে অংশগ্রহণমূলক এবং কাযকর সুশাসন নিশ্চিত করা। অনিয়ম ও দুর্নীতি হ্রাস করে তৃণমুল পর্যায়ে সেবা প্রদান ব্যবস্থার উন্নয়ন ঘটানোর লক্ষ্যে জাতীয় পর্যায়ে খাতভিত্তিক গবেষণা ও প্রমাণ নির্ভর এ্যাডভোকেসী করা। এছাড়া সংস্থা কর্তৃক শিক্ষা, স্বাস্থ্য, ভূমি নিয়ে কাজ করা হয়েছে। সনাক-ইয়েস সমন্বয় সভা, এসিজি মাসিক সমন্বয় সভা, বিভিন্ন উপকমিটির সভা,কমিউনিটি মনিটরিং,কমিউনিটি অ্যাকশন মিটিং চলমান। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | এরিয়া কো-অর্ডিনেটর, সিভিক এনগেইজমেন্ট, সচেতননাগরিক কমিটি সনাক,<br><br>জামালপুর। |
| **০৬। উন্নয়ন সংঘ:**<br>জনাব মো: আরজু আকন্দ, প্রজেক্ট অফিসার, উন্নয়ন সংঘ,জামালপুর সভায় জানান যে, সেপ্টেম্বর/২৪ মাসে সংস্থা কর্তৃক হিজড়া জনগোষ্ঠীর অভিভাবক সদস্যদের নিয়ে ০৭ টি সভা অনুষ্ঠান করা হয়েছে,গ্রামের গণ্যমান্যদের নিয়ে ১০টি সভা অনুষ্ঠিত হয়, হিজড়া সদস্য নিয়ে ১০টি উঠান বৈঠক করা হয়েছে। সেপ্টেম্বর/২০২৪ মাসে নতুন ১০জনকে বিনা সুদে ঋণ প্রদানসহ এ যাবৎ সর্বমোট-১৮০ জনকে ঋণ প্রদান করা হয়। । এছাড়া ওয়ান টু ওয়ান হিজড়া সদস্যদের নিয়ে ১২৫ জনকে সংশ্লিষ্ট বিষয়ে কাউন্সিলিং করা হয়েছে। ১৫০জন হিজড়াকে নিয়ে ক্যাম্পেইন করা হয়। এছাড়া মানুষের মানবাধিকার লঙ্ঘন নিয়ে কাজ করা হয়। যথাক্রমে ০৬টি নারী ও শিশু উদ্ধার, ০৩টি লিগ্যাল এইড মামলার সহযোগিতা, ০৪ টি গ্রাম্য সালিসে মীমংসা করা, ০৮টি নারী নির্যাতন উদ্ধারে সহযোগিতা, ০৪টি জজকোর্ট মামলায় সহযোগিতা প্রদান, ১৯ জন জনকে বিভিন্ন ট্রেড যেমন:মোবাইল সার্ভিসিং,কম্পিউটার,দর্জি,পালরি ওয়েলডিং,রাজমিস্ত্রির কাজ এ প্রশিক্ষন দেওয়া হয়। ২৫ জন হিজড়া সদস্যকে ০২ দিন ব্যাপী যোগাযোগ এবং ইতিবাচক আচরন এর উপর প্রশিক্ষন করানো হয়। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সংস্থার স্ব-স্ব প্রকল্প কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রজেক্ট অফিসার উন্নয়ন সংঘ। |
| **০৭। ব্যুরো বাংলাদেশ :**<br>জনাব মো: আবু হানিফ, এরিয়া ম্যানেজার, ব্যুরো বাংলাদেশ সভায় জানান যে, সংস্থা কর্তৃক সেপ্টেম্বর/ ২০২৪ মাসে মৌলিক স্বাস্থ্য শিক্ষা, মাইক্রোফাইন্যান্স, কৃষি অর্থায়ন, এসএমই অর্থায়ন, পানি ও পয়: নিস্কাষন, মানব সম্পদ উন্নয়ন, রেমিটেন্স সেবা, দুর্যোগ ব্যবস্থাপনা, মাইগ্রেশন, ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস কর্মসূচি চালু রয়েছে। তাছাড়া জামালপুর সদর উপজেলায় শ্রীপুর ইউনিয়নে শ্রীপুর | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখতে হবে। | এরিয়া ম্যানেজার, ব্যুরো বাংলাদেশ |

CamScanner

CamScanner

| | | |
|---|---|---|
| কুমারিয়া এলাকায় ৬০ জন স্বাস্থ্য সহকারী এবং ০৩ জন হেলথ সুপারভাইজার এর মাধ্যমে ৬০০ নারীদের ও তাদের পরিবারদের জন্য স্বাস্থ্য শিক্ষা প্রদান কার্যক্রম চলমান আছে। ঋণ প্রোগ্রামের আওতায় ঋণ কার্যক্রম গতানুগতিক রয়েছে। ৮৩ জনকে ৫৮,৪৩,০০০/-সাধারণ ঋণ, ৯ জনকে ১৩,৮০,০০০/-, পানি ও পয়নিষ্কাশন ৭টি ২,৪০,০০০/-, ৫ জন কনজুমার কে ৯২,৬৪০/- প্রদান করা হয়েছে। এছাড়া সঞ্চয় সেবা, রেমিটেন্স সেবা, উচ্চ শিক্ষা বৃত্তি, ব্যুরো হেলথ কেয়াসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| **০৮। ইসলামিক রিলিফ বাংলাদেশ :**<br>• জনাব পরিমল চন্দ্র সরকার, সহকারী প্রকল্প কর্মকর্তা, ইসলামিক রিলিফ বাংলাদেশ ফিল্ড অফিস, জামালপুর সদর, জামালপুর সভায় জানান যে, সংস্থা কর্তৃক সেপ্টেম্বর/ ২৪ মাস পর্যন্ত Sustainable and safe Drinking Water, Sanitation & HGygiene Through appropriate Technologies in Bangladesh এর আওতায় ইটাইল, নরুন্দি জামালপুর পৌরসভায় ০৭টি অগভীর নলকূপ স্থাপন করা হয়েছে।<br>• উঠান বৈঠকের মাধ্যমে সুবিধাভোগীদের স্বাস্থ্য ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে প্রশিক্ষণ- ১৮০ পরিবার<br>• সুবিধাভোগীদের নলকূপ মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে প্রশিক্ষণ- ৪০ জন<br>• সুবিধাভোগীদের নলকূপ মেরামত ও রক্ষণাবেক্ষণ এর জন্য টুল বক্স প্রদান- ২০ টি<br>এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখতে হবে। | প্রকল্প ব্যবস্থাপক ইসলামিক রিলিফ বাংলাদেশ। |
| **০৯। সিডিডি: অত্র** প্রতিষ্ঠানের কোন কর্মকর্তাকে সভায় উপস্থিত পাওয়া যায়নি। | - | অনুপস্থিত |
| **১০। ইএসডিও:**উপজেলা কো অর্ডিনেটর, ইএসডিও সভায় জানান যে, সেপ্টেম্বর/ ২০২৪ মাসে জামালপুর সদর উপজেলায় ১৫টি ইউনিয়নের ইউনিয়নওয়ারী ফৌজদারী এবং দেওয়ানী মামলার চিত্র উপস্থাপন করা হলো। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখতে হবে। | উপজেলা কোঅর্ডিনেটর, ইএসডিও |

| ক্রম নং | ইউনিয়নের নাম | দেওয়ানী মামলার সংখ্যা। | ফৌজদারী মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কেন্দুয়া | ০০ | ০৩ | |
| ২ | শরিফপুর | ০১ | ০১ | |
| ৩ | লক্ষীরচর | ০২ | ০২ | |
| ৪ | তুলশীরচর | ০১ | ০১ | |
| ৫ | ইটাইল | ০১ | ০২ | উ:আ:১ |
| ৬ | নরুন্দি | ০১ | ০৩ | |
| ৭ | ঘোড়াধাপ | ০১ | ০৪ | |
| ৮ | বাঁশচড়া | ০১ | ০১ | উ:আ:-১ |
| ৯ | রানাগাছা | ০১ | ০৩ | |
| ১০ | শ্রীপুর | ০১ | ০২ | |
| ১১ | শাহবাজপুর | ০২ | ০০ | |
| ১২ | তিতপল্লা | ০১ | ০০ | |
| ১৩ | মেস্টা | ০১ | ০১ | |
| ১৪ | দিগপাইত | ০০ | ০১ | |
| ১৫ | রশিদপুর | ০০ | ০৩ | উ:আ:-১ |

এছাড়া জেলা লিগ্যাল এইড এর অবহিতকরণ সভায় অংশগ্রহণ এর মাধ্যমে গ্রাম আদালত প্রচারণা, শরিফপুর ইউনিয়নের ১০০ জনকে তথ্য আপার উঠান বৈঠকের মাধ্যমে গ্রাম আদালত

CamScanner
CamScanner

| | | |
|---|---|---|
| সংক্রান্ত প্রচারণা, ওয়ার্ল্ড ভিশনের আয়োজনে পরিবেশবান্ধব অবহিতকরণ সভায় গ্রাম আদালতের বিষয়গুলো উপস্থাপন করা, অপরাজেয় বাংলাদেশ এবং এডাব এনজিওর আয়োজনে গ্রাম আদালতের সম্পর্কীয় প্রচারণা, আইন-শৃংখলা সভা, রশিদপুর বিট পুলিশিং সমাবেশে মাদক বিরোধী, বাল্য বিবাহ নারী নির্যাতন সংক্রান্ত আলোচনা করা হয়। | | |

| | | |
|---|---|---|
| **১১। শাপলা মহিলা সংস্থা :**<br>জনাব মো: আবুল বাশার, প্রোগ্রাম অফিসার, শাপলা মহিলা সংস্থা, জামালপুর সভায় জানান যে, শাপলা মহিলা সংস্থা কর্তৃক "Enhancing Protection of Child Sex Trafficing Survivors in Bangladesh" নামের একটি প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পটির মাধ্যমে বাংলাদেশের জামালপুর জেলাসহ মোট ৮টি জেলায় ৯টি যৌনপল্লীর মা ও শিশু সুরক্ষাকে সার্বিক কার্যক্রম বাস্তবায়ন করা হয়। সেপ্টেম্বর /২৪ মাসে সংস্থা কর্তৃক শিশুদের নিয়ে সচেতনতা মূলক অধিবেশন-০২টি,মায়েদের নিয়ে সচেতনা মূলক অধিবেশন -০২টি।উল্লেখ্য যে, উক্ত সংস্থা এই মাসে তাদের প্রকল্পের কার্যক্রম এর সমাপ্তি করে ফিডম ফান্ড এর নির্দেশে অপরাজেয় বাংলাদেশ এর নিকট হস্তান্তর করবে। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রাম অফিসার, শাপলা মহিলা সংস্থা। |
| **১২। পারি ডেভেলপমেন্ট ট্রাস্ট:**<br>জনাব রাজু আহমেদ, লাভলীহুড অফিসার, পারি ডেভেলপমেন্ট ট্রাস্ট সভায় জানান যে, সংস্থা কর্তৃক সেপ্টেম্বর/ ২০২৪ মাসে দুর্যোগের ঝুঁকি হ্রাসে তহবিল গঠন বিষয়ে ০৭টি কালেকশন পয়েন্টের ১০০জন প্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদান করা হয়।গত মাসে বাল্য বিয়ে প্রিতিরোধ, নারী অধিকার ও জেন্ডার ইকুয়ালিটি, প্রতিবন্ধী লোকদের যত্ন বিষয়ে ৪টি ইউনিয়ন এ ১৬টি উঠান বৈঠক করা হয়। যেখানে ৪০০ জন অংশগ্রহনকারী উপস্থিত ছিলেন।এ মাসে ০৭টি কালেকশন পয়েন্ট কমিটি ও কৃষকদের মধ্যে বার্ষিক অগ্রগতি সভা অনুষ্ঠিত হয়। যেখানে জেলা বিপনন কর্মকর্তা,উপ-সহকারী কৃষি কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি, প্রিন্ট মিডিয়া, কৃষক-কৃষাণী উপস্থিত ছিলেন।০৭টি কালেকশন পয়েন্টের ২১ জন প্রতিনিধিকে ব্যবসা পরিকল্পনা, আর্থিক হিসাব ব্যবস্থাপনা এবং যোগাযোগ, নেটওর্য়াকিং ও এডভোকেসীর উপর প্রশিক্ষণ প্রদান করা হয় এছাড়া উপকারভোগী ও স্টেকহোল্ডার দের নিয়ে একটি লার্নিং কর্মশালা করা হয়।এ ছাড়া এ মাসে ১৮টি সবজি দল এবং ৬ টি ছাগল পালনকারী দল গঠনের লক্ষ্যে পি আর এ, সোসাল ম্যাপিং এর মাধ্যমে নতুন সদস্য নির্বাচন করা হয়েছে।যেখানে উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপস্থিত ছিলেন। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, পারি ডেভেলপমেন্ট ট্রাস্ট |
| **১৩। আরডিএস:** জনাব প্রশান্ত সরকার, শাখা ব্যবস্থাপক, আরডিএস সভায় জানান যে, সেপ্টেম্বর/ ২০২৪ মাসে জামালপুর সদর উপজেলায় ৬টি শাখায় মোট ৬৯৬৮ জন সদস্য। সঞ্চয় আদায় করা হয় ৩৯৬৮১৬২ টাকা , ফেরত দেওয়া হয়- ৪৯৬৯৭২২ টাকা , সঞ্চয় স্থিতি- ৬০৬২৮৬৬৩ টাকা , ২৯৯ জন কে ঋন প্রদান করা হয়- -১৮৫৭২০০০ । সঞ্চয় স্থিতি- ৬০৬২৮৬৬৩ টাকা, ২৯৯ জন কে ঋন প্রদান করা হয়-১৮৫৭২০০০ টাকা, ঋণের স্থিতি ১৮২১৭২৮০৮ টাকা । এর মধ্যে চলতি মাসে রেইছ ঋণ বিতরণ করা হয় ২৬ জন কে ৩৬৫০০০০ টাকা ,বিডি ওয়াস স্যানিটেশন বিতরণ করা হয়-২২ জন কে ৪০৮০০০ টাকা ,ওয়াটার বিতরণ করা হয় ২ জন কে ৫০০০০ । বিসিসি ক্যাম্পেইন করা হয় ২৫টি উপস্থিত জন সংখ্যা-৪৯৫ জন । ঋনবীমা ফেরত দেওয়া হয় ৬ জন কে ১৯৩২৬০ টাকা । রেইজ সদস্য ট্রেনিং করা হয় ১৫ টি দলের ২০ জন সদস্য কে । এছাড়া সংস্থার অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক আরডিএস। |
| **১৪। আশা:**আশার জেলা ব্যবস্থাপক জনাব মো:আতাউর রহমান বলেন যে,সেপ্টম্বর/২৪ মাসে মোট ঋণ বিতরণ হয়েছে ১৫৮০৫৪৩৪০ টাকা ২২৮৯ জন সদস্যদের মাঝে। এছাড়াও সামাজিক কার্যক্রমের মধ্যে স্যানিটেশন খাতে ঋণ বিতরণ করা হয়েছে ৫২৪৭জন সদস্যের মাঝে।স্যানিটেশন করার্যক্রম করা হয়েছে ১৫টি পরিবারের মধ্যে। সমন্বিত স্বাস্থ্য কর্মসূচির আওতায় স্বল্প মূল্যে চিকিৎসা সেবা পেয়েছে ১৫৪০জন কে ০৪টি স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে এবং শিক্ষা শক্তিশালী কর্মসূচীর আওতায় ৬৭৫৫জন শিক্ষার্থীকে শিক্ষা প্রদান করা হয়েছে ২২৫টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভানেত্রী, অগ্রগামী দু:স্থ মহিলা সংস্থা। |

CamScanner
CamScanner

| | | |
|---|---|---|
| **১৫। সমাজসেবা যুব উন্নয়ন সংস্থা:**<br>জনাব মো: আমিনুল ইসলাম, পরিচালক, সমাজসেবা যুব উন্নয়ন সংস্থা, জামালপুর জানান যে, সংস্থা কর্তৃক সেপ্টেম্বর/ মাসে মেস্টা ইউনিয়নে হতদরিদ্রদের তালিকা করা তাদের ১০ জনের মধ্যে ২০০০০০/- বিতরণ করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য কাজ চলমান আছে। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, সমাজসেবা যুব উন্নয়ন সংস্থা। |
| **১৬। ডেমিয়েন ফাউন্ডেশন :** অত্র প্রতিষ্ঠানের কোন কর্মকর্তাকে সভায় উপস্থিত পাওয়া যায়নি। | | |

| | | |
|---|---|---|
| **১৭। সূর্য তোরণ সমাজ সেবা সংস্থা:**<br>প্রতিনিধি, সূর্য তোরণ সমাজসেবা সংস্থা, জামালপুর সভায় জানান যে, সংস্থার নির্বাহী পরিচালক,জনাব মো: খোরশেদ আলম বলেন যে, যুব ও যুবনারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম। যুব প্রতিবন্ধী, হিজড়া ও পথশিশুদের প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা। প্রতিবন্ধী, হিজড়া উপকারভোগী ও হতদরিদ্র পরিবারের সন্তানদের শিক্ষার ব্যবস্থা করা। সমাজের বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কাজ করা, প্রতিবন্ধীদের আর্থ -সামাজিক উন্নয়ন কার্যক্রম। বাল্যবিবাহ, মাদক বিরোধী, এইডস, শিশু ও নারী পাচার প্রতিরোধ মূলক কার্যক্রম। স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম। সামাজিক বনায়ন কার্যক্রম এবং বিভিন্ন জাতীয় দিবস পালন।<br>সংস্থাটি সম্পূর্ণ অরাজনৈতিক, স্বেচ্ছাসেবী, মানবকল্যাণমূখী প্রতিষ্ঠান। প্রশিক্ষণ এবং উদ্বুদ্ধ করণ কর্মসূচির মাধ্যমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে দক্ষ ও সচেতন করে তোলা। কর্ম এলাকার হত-দরিদ্র, বয়স্ক, আশ্রয়ন প্রকল্পের দুস্থ, বিধবা, ভূমিহীন পরিবারের পুরুষ ও মহিলাদের সাথে উঠান বৈঠক। কর্ম এলাকার হত-দরিদ্র, বয়স্ক, আশ্রয়ন প্রকল্পের দুস্থ, অসহায়, বিধবা, ভূমিহীন পরিবারের পুরুষ ও মহিলাদের সাথে উঠান বৈঠক। এছাড়া আগস্ট/২৪মাসে কিশোরী ক্লাব এর ১০০ জন সদস্যের মাঝে বিনামূল্যে স্যানেটারী ন্যাপকিন বিতরণ করা হয়। ৪ টি কিশোরী ক্লাবের মাসিক মিটিং ৪ টি। ইউনিয়ন ভিত্তিক ২০০ জন পরিবারের সদস্যদেরকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান।অপরাজেয় বাংলাদেশ এর কিশোরীদের মাঝে ০১(এক) বক্স স্যানেটারী ন্যাপকিন দেয়া হয়। এলাকার নারী, পুরুষ, কিশোর/কিশোরী, উঠান বৈঠক, কমিউনিটি মিটিং, বাড়ি পরিদর্শন মাধ্যমে স্যানিটেশন, হাইজিন ও নিরাপদ পানি ব্যবহার বিষয়ে সচেতন করা।৪ টি কিশোরী ক্লাবের মাসিক মিটিং ৪ টি।<br>১৫ জন যুব ও যুবনারীদের একমাস ব্যাপী গবাদি পশু ও হাঁস-মুরগী পালন প্রশিক্ষণ প্রদান।<br>ইউনিয়ন ভিত্তিক ১০০ জন পরিবারের সদস্যদেরকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান।<br>কর্ম এলাকার নারী, পুরুষ, কিশোর/কিশোরী, উঠান বৈঠক, কমিউনিটি মিটিং, বাড়ি পরিদর্শন মাধ্যমে স্যানিটেশন, হাইজিন ও নিরাপদ পানি ব্যবহার বিষয়ে সচেতন করা। | সংস্থার স্ব-স্ব প্রকল্প কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী পরিচালক সূর্য তোরণ সমাজসেবা সংস্থা |
| **১৮। বাসা:**<br>জনাব অসীম চন্দ্র দাস, প্রকল্প কর্মকর্তা, বাসা ফাউন্ডেশন সভায় জানান যে, সেপ্টেম্বর/ ২০২৪ মাসে সংস্থা কর্তৃক ফিনিশ মন্ডিয়াল প্রকল্পে অধীনে ১৮৫টি সচেতনতামূলক বাড়ী পরিদর্শন করা হয়। সংস্থার অন্যান্য চলমান আছে। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখতে হবে। | জনাব অসীম চন্দ্র দাস, প্রকল্প কর্মকর্তা, বাসা ফাউন্ডেশন। |
| **১৯। পরিবার পরিকল্পনা সমিতি:**<br>জনাব মাহিনুর সিদ্দিকা,জেলা কর্মকর্তা, এফপিএবি, জামালপুর সভায় জানান যে, সংস্থা কর্তৃক সেপ্টেম্বর/২০২৪ জামালপুর পৌরসভাসহ ইটাইল, ঘোড়াধাপ, বাঁশচড়া, রানাগাছা, শ্রীপুর, দিগপাইত এবং তিতপল্লা ইউনিয়নে ভ্যাসেকটমি, টিউবেকটমি, আইইউডি, ইমপ্লান্ট, ইনজেকশন, কনডম বিতরণ, খাবার বড়ি , মা ও শিশু স্বাস্থ্যসেবা, নিরাপদ এম আর সেবা, জরায়ু মুখে ক্যান্সার এবং ইপিআই, পরিবার পরিকল্পনা সেবা এবং ক্লিনিক্যাল সেবা কার্যক্রম সম্পাদন করেন। এছাড়া কিশোর-কিশোরী, গর্ভবতী মা ও শিশুদের স্বাস্থ্যসেবা নিয়ে কাজ করে যাচ্ছেন। এছাড়া সরকারি ও বেসরকারি সেবাপ্রদানকারীদের সংবেদনশীলতার সভা ০১টি ও যুব ও কিশোর-কিশোরীদের জীবন দক্ষতা বিষয়ক প্রকল্প এবং রেসপন্ড প্রকল্প অব্যাহত রয়েছে। সমাজসেবা বিভাগের সাথে সমন্বয় করে পরিবার পরিকল্পনার কাজ চালিয়ে যাচ্ছেন। এছাড়া পরিবার পরিকল্পনা উপকরণ সরকারীভাবে সরবরাহ কম। | সংস্থার সকল প্রকল্প কাজ চলমান রাখতে হবে। | জেলা কর্মকর্তা, পরিবার পরিকল্পনা সমিতি, জামালপুর। |

CamScanner

CamScanner

| | | |
|---|---|---|
| ২০। **ইস্পাহানী ইসলামিয়া চক্ষু ইনস্টিটিউট এবং হাসপাতাল,জামালপুর শাখা**,জামালপুর জেলার প্রত্যন্ত এলাকায় দরিদ্র মানুষকে নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকেন। সেপ্টেম্বর/ ২০২৪ সালে ২২৮৮৪ জন রোগীকে চক্ষু চিকিৎসা সেবা দেয়া হয়েছে। যার মধ্যে ৯৫৮জন রোগীকে স্বল্পমূল্য ও বিনামূল্যে ছানি অপারেশনের মাধ্যমে লেন্স সংযোজন করা হয়েছে। অন্যান্য অপারেশন করা হয়েছে ৩০১ জন রোগীকে | ইনস্টিটিউট এবং হাসপাতাল এর কাজ চলমান রাখতে হবে। | ম্যানেজার ইস্পাহানি ইসলামিয়া চক্ষু ইনস্টিটিউট এবং হাসপাতাল, জামালপুর। |
| ২১।**দিশা বহুমুখী কল্যাণ সমিতি**:দিশা বহুমুখী কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক জনাব মল্লিকা রানী দাস বলেন, দিশা বহুমুখী কল্যাণ সমিতি পরিচালিত দিদিমনি স্কুলের কার্যক্রম সঠিকভাবে চলমান। গত সেপ্টেম্বর/ ২০২৪খ্রি. মাসে দিদিমনি স্কুলের পার্শ্বে "দিদিমনি পাঠাগার"নামে একটি পাঠাগার স্থাপন করি। পাঠাগারে বিভিন্ন শিক্ষামূলক বই রয়েছে যা স্কুলের শিক্ষার্থী ও আশে পাশের সকলের জ্ঞান বিকাশে সহায়তা করবে।পাঠাগারটির শুভ উদ্বোধন করেন জামালপুর সদর উপজেলা নির্বাহী অফিসার জনাব জিন্নাত শহীদ পিংকি স্যার। আরোও উপস্থিত ছিলেন জামালপুর সদর উপজেলার সমাজসেবা অফিসার জনাব মো: শাহাদৎ হোসেন। এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার উদ্যোগে স্কুলের শিক্ষার্থীদের মাঝে চলমান মাসে ২০০ টি ফলের গাছ বিতরণ করা হয়। | দিশা বহুমুখী কল্যাণ সমিতির কাজ চলমান রাখতে হবে। | নির্বাহী পরিচালক দিশা বহুমুখী কল্যাণ সমিতি (ডিবিকেএস) জামালপুর। |
| ২২.**দোস্ত এ্ইড**: দুস্থ এইডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, গত সেপ্টেম্বর/২৪মাসে জামালপুর সদরে ২০টি টিউবওয়েল,১০০০ পরিবারের মাঝে ফুড প্যাকেজ বিতরণ করা হয়েছে। এছাড়াও ৭৭ জন এতিম শিক্ষার্থীর মাঝে ২০০০ টাকা হারে মাসিক শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে। প্রকল্প সম্পর্কে স্থানীয় প্রশাসনকে যথাযথ অবগত করা হয়েছে। | দোস্ত এইড এর সকল কর্যক্রম চলমান রয়েছে। | প্রতিনিধি, দোস্ত এইড বাংলাদেশ। |
| ২৩।**তরুণ্ণ মহিলা সংস্থা:** তরুণ্ণ মহিলা সংস্থা এর নির্বাহী শামীমা খানম জানান যে, আমাদের কার্যক্রম স্বাভাবিক চলছে। জলবায়ু পরিবর্তন সচেতনতা বিষয়ক কর্যক্রম চলমান। মানুষের জন্য ফাউন্ডেশনের কাজ করে চলমান। | তরুণ্ণ মহিলা সংস্থার সকল কর্যক্রম চলমান রয়েছে। | নির্বাহী ,তরুণ্ণ মহিলা সংস্থা। |
| ২৪।**পিকেএস এফ**:পিকেএসএফ সংস্থার নির্বাহী এনামুল হক জানান যে,পিকেএসএফ এর সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কম্পিউটার প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষনের নিমিত্তে আহ্বান করা হচ্ছে। | পিকেএফ এর সকল কার্যক্রম চলমান রয়েছে। | নির্বাহী,পিকেএসএফ |
| ২৫।**বিবিধ**:১।উপজেলা নির্বাহী অফিসার,জামালপুর সদর,জামালপুর এনজিও প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন যে, আপনাদের মাধ্যমেই আমরা অত্র উপজেলার এরিয়া নিডস জানতে পারি।আপনাদের ক্ষুদ্র ক্ষুদ্র প্রচেষ্টায় অত্র উপজেলায় উন্নয়নে অবদান রাখে।আপনাদের প্রতিটি অফিসে অভিযোগ বক্স নিশ্চিত করবেন। তিনি আরো বলেন, ভূমি সংক্রান্ত(বিআরএস,জমির শ্রেণী,খতিয়ান,নকশা) বিষয়ের জ্ঞানের অভাবে আমাদের সাধারণ জনগণ দালালের খপ্পরে পড়েন। তারা সরকারি অফিস সম্পর্কে নেতিবাচক ধারণা পোষণ করেন।কিন্তু উল্লেখিত বিষয় সম্পর্কে সম্যক ধারণা থাকলে তারা ভূমি সংক্রান্ত ডিজিটাল সেবার সুফল ভোগ করতে পারবেন।<br><br>উপজেলা সমাজসেবা অফিসার অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনকারী সকল এনজিও প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন যে, সামাজিক নিরাপত্তা বিষয়ক কার্যক্রম যেমন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা ,প্রতিবন্ধী ,হিজড়া ,অনগ্রসর, এবং শিক্ষা উপবৃত্তি(প্রতিবন্ধী, বেদে ও অনগ্রসর) নগদ হিসাবে প্রদান করা হয়, যার নিরাপত্তা হলো চার সংখ্যার পিন কোড। সম্প্রতি বিভিন্ন প্রতারক চক্র সমাজসেবা অফিসের কথা বলে ফোন দিয়ে পিন কোড ও ম্যাসেজ পাঠানো (ওটিপি নম্বর নিয়ে টাকা হ্যাকিং করছে। কাউকে পিন কোড ও ম্যাসেজ পাঠানো অথবা ওটিপি নম্বর জানাবেন না সমাজসেবা অফিস থেকে ফোন দিয়ে কোন পিন কোড ও ম্যাসেজে পাঠানো ওটিপি নম্বর চাওয়া হয় না। এ সংক্রান্ত বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির ব্যাপারে সকলকে আহ্বান করেন। | ১)সাধারণ জনগণকে ভূমি সংক্রান্ত সচেতনতা,ভাতাভোগীদের পিন নম্বর সম্পকিত সচেতনতা ও শিক্ষার্থীদের ট্রাফিক সিগনাল সম্পর্কে সচেতনতা প্রদান ও জানুয়ারি/২৪ মাসের কাছাকাছি সময়ে বনভোজন আয়োজন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | এনজিও সকল |

CamScanner
CamScanner

| | | |
|---|---|---|
| এছাড়াও শিক্ষার্থীদের ট্রাফিক সিগনাল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি সহ অন্যান্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করার ব্যাপারে এনজিও গুলো যুগোপযোগী প্রকল্প গ্রহণ করার ব্যাপারে আলোচনা করা হয়। এই বি আলোচনা করা হয়। জানুয়ারি মাসের কাছাকাছি শীতে একটি বনভোজন আয়োজন করার ব্যাপারে আলোচনা করা হয়। এনজিও এমআইএস সফটওয়্যার এর কার্যক্রম এগিয়ে নেওয়ার ব্যাপারেও প্রত্যয় ব্যক্ত করেন এবং সেই সাথে কোন আগ্রহী সংস্থা যিনি এই সফটওয়্যারকে নিজ উদ্যোগে এগিয়ে নিতে ইচ্ছুক সেই সংস্থাকে এগিয়ে আসার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর আহ্বান জানান। এছাড়া যে সকল সংস্থা অটিজম ,ডাউন সিনডম, সেরিব্রাল পালসি প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে কাজ করেন তারা উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ১৫ টি ইউনিয়নে বিস্তৃত কাজ করার ব্যাপারেও আলোচনা করা হয়। | | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

25.09.24

(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর
ও
সভাপতি
উপজেলা এনজিও সমন্বয় কমিটি।
☏ ০৯৮১-৬৩১২০
মোবা: ০১৭০৯৯৭০০৫০
E-mail : unojamalpur@mopa.gov.bd

স্মারক নং- ৪১.০১.৩৯৩৬.০০০.০৬.০০১.২৩ ৫৮১

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ / ২৫ সেপ্টেম্বর২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২।জেলা প্রশাসক, জামালপুর।
০৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর।
০৪। সহকারি কমিশনার (ভূমি), জামালপুর সদর, জামালপুর।
০৫। অফিসার ইনচার্জ, জামালপুর সদর, জামালপুর।
০৬। উপজেলা.................................... অফিসার, জামালপুর সদর, জামালপুর।
০৭। চেয়ারম্যান,.............. ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
০৮। জনাব.................... এনজিও প্রতিনিধি, জামালপুর সদর, জামালপুর।
০৯। অফিস কপি।

25.09.24

(মো: শাহাদৎ হোসেন)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
জামালপুর সদর, জামালপুর।
ও
সদস্য সচিব
উপজেলা এনজিও সমন্বয় কমিটি।

CamScanner
CamScanner